



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল



www.barisalboard.gov.bd

e-mail: barisalboard@gmail.com

স্মারক নং- বশিবো/প্রশা/২০২১/৬৮/১২৭৪

তারিখ : ২২/০৭/২০২১

বিষয় : বোর্ডের বিভিন্ন ধরনের আর্থিক লেন-দেন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সোনালী ব্যাংকে অনলাইন শাখায় হিসাব/ একাউন্ট খোলা প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বোর্ডের প্রায় সকল ধরনের আর্থিক লেন-দেন সোনালী ব্যাংকের মাধ্যমে করা হয়। বোর্ডের বিভিন্ন ধরনের ফিস সংগ্রহ বা প্রয়োজনে প্রতিষ্ঠানকে কোন অর্থ প্রদান বা যেকোনো ধরনের আর্থিক লেন-দেন সহজে ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের নামে সোনালী ব্যাংকে একাউন্ট থাকা একান্ত জরুরি হয়ে পড়েছে। এক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠানের পূর্বেই হুবহু প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকের একাউন্ট আছে সে সকল প্রতিষ্ঠানের নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। তবে একাউন্টের নাম অবশ্যই কলেজের ইংরেজি নামে হতে হবে। বোর্ডের ওয়েব সাইটে কলেজের নাম যেভাবে ইংরেজিতে আছে হুবহু সেভাবেই একাউন্টের নাম নির্ধারণ করতে হবে অন্যথায় একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না। তবে একাউন্ট করা থাকলে হুবহু কলেজের নামে করার জন্য ব্যাংকের মাধ্যমে সংশোধন করা যাবে। এছাড়াও বিভিন্ন মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর মাধ্যমে লেন-দেন করার জন্য বোর্ড থেকে প্রদত্ত EIIN ভিত্তিক SIM- এ মার্চেন্ট একাউন্ট খোলাও জরুরি। এক্ষেত্রে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস কোম্পানী যেমন: Nagad, bKash, Rocket, Upay, Sure Cash ইত্যাদি অপারেটরের মাধ্যমে বোর্ড প্রদত্ত SIM এ মার্চেন্ট একাউন্ট খুলতে হবে। বোর্ড প্রদত্ত SIM না থাকলে বা সচল না থাকলে নিকটস্থ গ্রামীণ ফোনের কাস্টমার কেয়ার অফিসে যোগাযোগ করতে হবে।

এমতাবস্থায়, যেসকল প্রতিষ্ঠানে ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট নেই তাদেরকে সত্তর সোনালী ব্যাংকে একাউন্ট খুলতে হবে এবং যে সকল প্রতিষ্ঠানের পূর্বেই প্রতিষ্ঠানের হুবহু ইংরেজি নামে একাউন্ট আছে উভয় প্রতিষ্ঠানকে আগামী ১০ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত প্যানেলের মাধ্যমে একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে এবং পাশাপাশি বোর্ড প্রদত্ত SIM- এ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে লেন-দেন করার জন্য আগামী ১০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে মার্চেন্ট একাউন্ট খোলার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, সোনালী ব্যাংক বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস দেয়া প্রতিষ্ঠানগুলো একাউন্ট খোলার ব্যাপারে সার্বিক সহযোগীতা করবে। বিষয়টি অতীব জরুরি।

অধ্যক্ষ

উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যানের আদেশক্রমে


প্রফেসর আ.ফ.ম বাহরুল আলম -৭০৬৫

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল